

## শ্রীশ্রীহরি সঙ্গীত

৪৫

সত্যরূপ লক্ষ্মণে পাঠাও, অজ্ঞান ইন্দ্রজিতে হটাও

স্ববংশেতে করুক ক্ষয় ॥

৪। মাধুর্যরূপ বিভীষণে বসাও হৃদি সিংহাসনে,

এ বাসনা রাত্র দিনে, তবে বাঞ্ছা পূর্ণ হয়।

সে যে চরিত্ররূপ মন্দোদরী, কর তারে পাটেশ্বরী

বসুক বিভীষণের বাঁয় ॥

৫। তারকচাঁদ কয় সন্দ কিরে যে যেমন বাসনা করে,

বাঞ্ছা পূর্ণ করে তারে হরিচাঁদ মোর দয়াময়।

মহানন্দের চরণ তরী অশ্বিনী তাই সম্বল করি

যুচায় ভব পারের ভর ॥

### ৫৯ নং তাল-কাশ্মিরী

কে কে নিবির আয়না তোরা মধুর হরিনাম

ঐ দেখ ডাকছে হরি গুণধাম ॥

১। জীবের বড় ভাগ্য ছিল, হরি কল্পতরু এল,

নাম দিয়া জগৎ মাতাল কেউকে ত না হল বাম।

২। সত্য ত্রেতা দ্বাপর গেল, যে তত্ত্ব না বিলাইল,

সেই ধন লয়ে ধরায় এল পুরাতে জীবের মনস্কাম।

৩। হরি বলতে আছে কত, এ জগতে অগণিত,

এ নাম নয় সে নামের মত, গোপনে ছিল গোলোক ধাম।

৪। রাধাকৃষ্ণ উভয়াঙ্গ, মথনে হয় প্রেম তরঙ্গ,

নাম উৎপত্তি প্রেমের সঙ্গ গোলোকে করলেন রাধাশ্যাম।

৫। সেই হরির নাম লয়ে এনার এল হরিচন্দ্র আমার,

কলির জীব করিতে নিস্তার অশ্বিনী নামে হ'ল বাম।

\* ষটচক্র ও সাধন তত্ত্ব পাঠ করুন।